**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫.২৭০৭

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪৩২ / ৭ ডিসেম্বর ২০২৫

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

চলতি ২০২৫-২৬ অর্থবছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে নিম্নোক্ত প্রকল্পসমূহ গ্রহণের লক্ষ্যে **জেলা পরিষদ, চট্টগ্রাম**-এর অনুকূলে **৪.০০ লক্ষ (চার লক্ষ)** টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রম | প্রকল্পের বিবরণ | বরাদ্দ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১ | কাদেরিয়া ইসহাকিয়া জামে মসজিদের সংস্কার/উন্নয়ন প্রকল্প, পশ্চিম মায়ানি, পশ্চিম মায়ানি ঘোনা, মিরসরাই, চট্টগ্রাম। | ২.০০ |
| ২ | কুদ্দুস মেস্ত্রী সামাজিক কবরস্থানের সংস্কার/উন্নয়ন প্রকল্প, গাজীটোলা, আবুতোরাব, মিরসরাই, চট্টগ্রাম। | ১.০০ |
| ৩ | গাউছিয়া সুন্নিয়া হেফজখানা ও এতিমখানার সংস্কার/উন্নয়ন প্রকল্প, পশ্চিম শোলকাটা, মধ্যম হাজীগাঁও, আনোয়ারা, চট্টগ্রাম। | ১.০০ |
| | মোট= | ৪.০০ |

২। এ ব্যয় চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/ ৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ২৪ জুলাই ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩১৬নং, ২১ অক্টোবর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪১১নং এবং ২৪ নভেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৬৯নং স্মারকমূলে ২০২৫-২৬ অর্থবছরের জেলা পরিষদ উন্নয়ন সহায়তা খাতের যথাক্রমে ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ ছাড়ে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়/প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদ এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা-২০২২ যথাযথভাবে অনুসরণসহ প্রযোজ্য যাবতীয় আর্থিক ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(গ) পরবর্তী অর্থবছরে এ খাত হতে অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে; এবং
(ঘ) অর্থ বিভাগ কর্তৃক ০৮.০৭.২০২৫ খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোনো কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করবেন।

০৭/১২/২৫
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ইমেইল : lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫.২৭০৭/১(১৩)

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪৩২ / ৭ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ. আ: উপসচিব (বাজেট-১১ অধিশাখা)];
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;
৬. প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম;
৭. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. জনাব জিয়াউর রহমান, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম;
১০. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম; এবং
১৩. জনাব মোঃ আশরাফুল ইসলাম চৌধুরী, অফিস সহায়ক, স্থানীয় সরকার বিভাগ।

০৭।১২।২৫

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব